

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২২.২০২৩. ৪২৩

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সৈয়দ তাজউদ্দিন শাওন (১২০৩৭), সহযোগী অধ্যাপক (বাংলা), নড়াইল ভিক্টোরিয়া কলেজ, নড়াইল এর বিরুদ্ধে আনীত এইচএসসি পরিক্ষা-২০২২ এর ঢাকা শিক্ষা বোর্ডের বাংলা ১ম পত্রের এবং ১১ নং বিতর্কিত ও অসঙ্গতিপূর্ণ প্রশ্ন প্রণয়নে পরিশোধনকারী হিসেবে দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করেন এবং গত ০৯/০৮/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় তাকে “তিরস্কার” লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব সৈয়দ তাজউদ্দিন শাওন (১২০৩৭), সহযোগী অধ্যাপক (বাংলা), নড়াইল ভিক্টোরিয়া কলেজ, নড়াইল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ক) অনুযায়ী “তিরস্কার” সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

২২/০৮/২০২৩

(সোলেমান খান)


সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.২২.২০২৩. ৪২৩/০(৭)

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব সৈয়দ তাজউদ্দিন শাওন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, নড়াইল ভিক্টোরিয়া কলেজ, নড়াইল।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৭। জনাব সৈয়দ তাজউদ্দিন শাওন (১২০৩৭), সহযোগী অধ্যাপক (বাংলা), নড়াইল ভিক্টোরিয়া কলেজ, নড়াইল।


(মো: শাহীনুর ইসলাম) ২২/৮/২০২৩
উপসচিব